মহানবীকে (সা.) নিয়ে কটুক্তির প্রতিবাদে কানাইঘাটে মিছিল-সমাবেশ

চেম্বার ডেস্ক:: ভারতের ক্ষমতাসীনদল বিজেপির মুখপাত্র নুপুর শর্ম্মা ও গণমাধ্যম প্রধান নবীন কুমার জিন্দাল মহানবী হযরত মুহাম্মদ (সা.) কে নিয়ে চরম কটুক্তির প্রতিবাদে কানাইঘাটে বিশাল বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল ২টায় জমিয়তে উলামা বাংলাদেশ কানাইঘাট শাখার উদ্যোগে দারুল উলুম মাদ্রাসা মাঠ থেকে সংগঠনের সর্বস্তরের নেতাকর্মী ও শত শত কওমি মাদ্রাসার ছাত্র, শিক্ষকসহ সর্বস্তরের কয়েক হাজার মানুষের অংশগ্রহনে বিক্ষোভ মিছিল বের হয়।

মিছলটি পৌরশহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিন শেষে উত্তর বাজারে গিয়ে প্রতিবাদ সমাবেশে মিলিত হয়।

সংগঠনের কেন্দ্রীয় কমিটির প্রধান উপদেষ্টা আল্লামা মুহাম্মদ বিন ইদ্রিছ শায়খে লক্ষীপুরীর সভাপতিত্বে ও সংগঠনের কানাইঘাট উপজেলা শাখার সাধারণ সম্পাদক ক্বারী মাওলানা হারুন রশিদ চতুলীর পরিচালনায় প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জমিয়তে উলামার কেন্দ্রীয় আমীর আলিম উদ্দিন দূলর্ভপুরী।

তিনি বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির মুখপাত্র নুপুর শর্ম্মা মহানবী (সা.) ও তার সহধর্মীনি আয়শা সিদ্দিকাকে (রা.) নিয়ে যে কটুক্তি করেছে তা ক্ষমার অযোগ্য অপরাধ। এজন্য তাকে আইনের আওতায় এনে কঠোর শাস্তি প্রদান করতে হবে। সেই সাথে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে মহান সংসদে নিন্দা প্রস্তাবের পাশাপাশি যাতে করে ভবিষ্যতে কেউ মহানবী (সা.) কে অবমাননা করতে না পারে এজন্য আইন প্রণয়নের দাবী জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন জমিয়তে উলামার কেন্দ্রীয় সহ সভাপতি আল্লামা সামছুদ্দিন দূর্লভপুরী, কেন্দ্রীয় সহকারী মহা সচিব মাওলানা আবুল হোসাইন চতুলী, কানাইঘাট লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি চেয়ারম্যান মাওলানা জামাল উদ্দিন সহ আরো অনেকে।

বিক্ষোভ মিছিলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্কুল ও কলেজ পড়ুয়া শিক্ষার্থীসহ দলে দলে ধর্মপ্রাণ মানুষ শরীক হন।